



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০০২.২২.১১২

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮
১১ এপ্রিল ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: থাইল্যান্ড ও সুইডেনের যৌথ উদ্যোগে ৩ বছর মেয়াদে (২ বছর থাইল্যান্ডে এবং ১ বছর সুইডেনে) অনুষ্ঠেয় প্রোগ্রামে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান

থাই সরকার প্রদত্ত Thai-Swedish Trilateral Development Cooperation Program এর আওতায় Thailand International Cooperation Agency (TICA), National Research Council of Thailand (NRCT), Embassy of Sweden in Thailand and International Science Program, Uppsala University এর যৌথ উদ্যোগে বাংলাদেশসহ অন্যান্য দেশের জন্য Doctoral Study in Chemistry, Mathematics, Physics and Biology ৫টি স্কলারশীপে অধ্যয়নের সুযোগ রয়েছে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীরা ২ বছর থাইল্যান্ডে অধ্যয়ন করতে পারবে এবং Research এর জন্য সুইডেনে ১ বছর অবস্থান করতে হবে। উক্ত কোর্সসমূহে অংশগ্রহণের জন্য বিষয়ের সঙ্গে সংশ্লিষ্টতা রয়েছে এমন সরকারি কর্মকর্তাগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আগামী ২৬/০৫/২০২২ তারিখের মধ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে :

শর্তসমূহ :

১. আবেদনকারীকে স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমতিক্রমে আবেদন করতে হবে;
২. প্রার্থীত আবেদনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও থাইল্যান্ডের সিদ্ধান্তই চূড়ান্ত;
৩. আবেদনকারীকে সংযুক্ত ফরম (বাংলা) পূরণপূর্বক নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতির স্মারক হিসেবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদন পত্রের সঙ্গে প্রেরণ করতে হবে;
৪. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২খিঃ তারিখের স্মারক নং-সম (বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০) নং আদেশ এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত গেজেটে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ গবেষণা শাখা) জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা ও বিদেশ প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়ন বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রি. তারিখের ০৩.০৬৯.০২৫.০৬. ০০.০০৩.২০১১-১৪৪ (৫০০) সংখ্যক পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে;
৫. আবেদন সম্পর্কিত সংশ্লিষ্ট তথ্যাদি এ সাথে সংযুক্ত করা হলো এবং উক্ত নির্দেশনার আলোকে আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রের ০৪ (চার) সেট হার্ড কপি ও অফিসিয়াল পাসপোর্টের কপিসহ আগামী ২৬/০৫/২০২২ তারিখ বিকাল ৫.০০টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (ভবন নং-২, কক্ষ নং-১০৯, বাংলাদেশ সচিবালয়) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;
৬. অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

সংযুক্তি : ব্রসিউর, বাংলা ফরম।



১১-৪-২০২২

ফারজানা জামান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

২) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (তঁার মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)

৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরিভিত্তিতে ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।